# Times Today BD

রাসেল রানা | রাজশাহী | 20 April, 2025

নওগাঁ সদর উপজেলার শিকারপুর ইউনিয়নের শৈলকোপা এলাকার একটি ফসলের মাঠে শরিফ উদ্দীন (৪০) নামের এক যুবকের মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

আজ রোববার সকাল সাড়ে ১১টার দিকে খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে ওই যুবকের মরদেহটি উদ্ধার করেন।

নিহত শরিফ উদ্দিন  নওগাঁ সদর উপজেলা দুবলহাটি ইউনিয়নের কান মোটকা গ্রামের মৃত মোজাহার দরজির ছেলে।

নওগাঁ সদর থানার উপপরিদর্শক আবু তাহের স্থানীয়দের বরাত দিয়ে জানান, সরিফ উদ্দীন গত শুক্রবার সন্ধ্যায় বাড়ি থেকে বের হয়ে রাতে আর বাড়িতে ফেরেননি।তখন থেকে তিনি নিখোঁজ ছিলেন।পরিবারের লোকজন অনেক খোঁজাখুজি করেও তার কোন সন্ধান পায়নি।রোববার সকালে কৃষকরা মাঠে গিয়ে তার মরদেহ দেখতে পেয়ে পুলিশকে খবর দেয়।

নিহতের শরীরের অর্ধেক অংশ শিয়ালে খেয়েছে বলে ধারণা করা হচ্ছে। দুপুরে ময়নাতদন্তের জন্য মরদেহটি নওগাঁ মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।ময়নাতদন্তের পর মৃত্যুর আসল কারণ জানা যাবে বলে জানান তিনি।

মরদেহ পুলিশ উদ্ধার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:12

URL: https://www.timestodaybd.com/public/rajshahi/1129512820